দৈনিক বাংলা

তারিখ ..20 JUL 1981
পৃষ্ঠা... 2 ....কলাম .. 4 ...

# পৃথক শিক্ষা বোর্ড স্থাপনের দাবীতে আজ চট্টগ্রামে হরতাল

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৯শে জুলাই।– চট্টগ্রাম উন্নয়ন সংগ্রাম পরিষদ আগামীকাল নগরীতে অর্ধদিবস হরতাল পালনের আহবানজানিয়েছে।

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

**পৃথক শিক্ষা** (প্রথম পৃষ্ঠার পর)

কুমিল্লা বোর্ডের চেয়ারম্যানকে অপসারণ, চট্টগ্রামের জন্য পৃথক শিক্ষা বোর্ড স্থাপন, এস এস সি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও বাতিলের ফলে পরীক্ষার্থীদের ক্ষতিপূরণ দানের দাবীতে এ হরতালের আহবান জানানো হয়।

অপরদিকে জাতীয়তাবাদী ফোরামের ৫১ জন কর্মকর্তা এর বিরুদ্ধে এক বিবৃতি দেন। বিবৃতিতে তারা গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হবার ১০০ দিনের মধ্যে এভাবে হরতাল আহবান করে গণতন্ত্র নস্যাতের চক্রান্তের বিরুদ্ধে বুদ্ধিজীবী, শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও দেশপ্রেমিকদের সোচ্চার হবার আহবান জানান।